# यखनाना यूश्याम वावमूत त्रशिय (त्रश्)

প্রচলিত রাজনীতি নয় জিহাদই কাম্য

# প্রচলিত রাজনীতি নয়

# क्शिन्य काग्र

# মওলানা মুহাম্মাদ আবদুর রহীম (রহঃ)

## थाग्रज्ञन थकानी

বিক্রেয় কেন্দ্র ঃ বৃক্স এড কম্পিউটার মার্কেট (২য় তলা)
দোকান নং- ২০৯, ৪৫ বাংলাবান্ধার, ঢাকা -১১০০
ফোল ঃ ৭১১৫৯৮২, ৮৩৫৪১৯৬, ০১৭১৫-১৯১৪৭৭, ০১৯২-১০৯৪৬৭

islamiboi.wordpress.com

প্রকাশকাল ঃ

প্রথম ঃ১৯৮৬ १म ३ मार्চ २००४ রবিউল আউয়াল ঃ ১৪২৯ ফারুন ঃ ১৪১৪

श्रव्हान शिक्री १

আবদুল্লাহ যুবাইর

শব্দ বিन্যাস १

মোস্তাফা কম্পিউটার্স ১০/ই-এ/১ মধুবাগ, মগবাজার চাকা-১২১৭

মুদ্রণ 

আফতাব আর্ট প্রেস

২৬, তনুগঞ্জ লেন, ঢাকা

भूना १ । ১৫.०० টाका

# প্রচলিত রাজনীতি নয় ডিব্রুদেই ক্যম্য

#### সম্পাদকের কথা

বাংলাদেশ একটি সমস্যা ভারাক্রান্ত দেশ। এদেশের সমাজ, রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি, শিক্ষানীতি ইত্যাদি অজস্র সমস্যার কশাঘাতে জর্জরিত। এসব সমস্যার সুষ্ঠু সমাধান কোন্ পথে —প্রচলিত রাজনীতিতে, না অন্য কোন উপায়েং এ প্রশ্নগুলো অনেক দিন ধরেই দেশের চিন্তাশীল লোকদের মনকে প্রবলভাবে নাড়া দিছে। ধর্মহীন বা সেকুলার রাজনীতির প্রবক্তারা প্রচলিত রাজনীতিকেই দেশের সব রোগ-ব্যাধির একমাত্র দাওয়াই রূপে গণ্য করতে চাইছেন। তারা গণতত্ত্বের নামাবলী পরে দিন-রাত গলাবাজি করছেন, মাঠ-ঘাট গরম করে তুলছেন; কিন্তু প্রচলিত রাজনীতি এদেশের পুঞ্জীভূত সমস্যাবলীর কতটা সমাধান করতে পেরেছেং গণতত্ত্বের গলাবাজিই বা এদেশের নির্যাতিত-নিপীড়িত মানুষের অধিকার আদায়ে কতটা সক্ষম হয়েছেং এ প্রশ্নটি কেউ খতিয়ে দেখার প্রয়োজন বোধ করছেন না। তাই একটি জন-নির্বাচিত সরকার ক্ষমতায় বসার পরও রাজনৈতিক বিতর্কের অবসান ঘটছে না এদেশে।

এ ভূ-খণ্ডে ইসলামী আন্দোলনের মহান স্থপতি এবং ইসলামী ঐক্য আন্দোলনের প্রতিষ্ঠাতা-চেয়ারম্যান হযরত মওলানা মুহাম্মাদ আবদুর রহীম (রহ) প্রচলিত রাজনীতির ব্যর্থতা সম্পর্কে এক চমৎকার আলোচনা উপস্থাপন করেছেন বর্তমান পুস্তিকায়। তিনি অকাট্য যুক্তি-তথ্যের ভিত্তিতে প্রমাণ করেছেন যে, প্রচলিত রাজনীতিতে এদেশের কোন সমস্যার এতটুকু সমাধান হতে পারে না। এর মাধ্যমে দ্বীন-ইসলাম প্রতিষ্ঠার কাজও অগ্রসর করা সম্ভবপর নয়। মূলতঃ এ রাজনীতি হচ্ছে পাশ্চাত্যের কুফরি ধ্যান-ধারণা ও চিন্তা-বিশ্বাসের অনিবার্য ফসল। এর সাহায্যে মুসলিম জাতির কোন রোগ-ব্যাধির নিরাময় হতে পারে না; সেটা হতে পারে কেবল আল্লাহ ও রাস্লের নির্দেশিত জিহাদী তরীকায়, ইসলামী জনতার ঐক্যবদ্ধ সর্বাত্মক প্রচেষ্টায়। কাজেই প্রচলিত রাজনীতির মোহ ত্যাগ করে এ তরীকায় –এ প্রচেষ্টায়ই শামিল হওয়ার উচিত বাংলাদেশের গোটা ইসলামী জনতার। এটাই তাদের মুক্তি ও আজ্বাদীর রাজপথ।

পুস্তিকাটি ১৯৮৫ সালে এরশাদের সাম্রিক শাসনের প্রেক্ষাপটে রচিত হলেও এর মুল প্রতিপাদ্য এখনো পুরোপুরি অক্ষুণ্ন রয়েছে। পুস্তিকাটি বাংলাদেশের সত্য সন্ধানী জনতার কাছে বিপুলভাবে সমাদৃত হওয়ায় অত্যন্ত দিনের মধ্যেই এর পঞ্চম সংস্করণ বের করতে হয়েছে। এজন্যে আমরা মহান আল্লাহ্র দরবারে লাখ ভকরিয়া আদায় করছি।

মুহাম্বদ হাবীবুর রহমান

চেয়ারম্যান,

মওলানা আবদুর রহীম ফাউণ্ডেশন

# بِسم الله الرّحمن الرحيم

#### শুরু কথা

'প্রচলিত রাজনীতি নয়-জিহাদই কাম্য' এ পর্যায়ে আমার এ আলোচনা নেহাত কোন তাত্ত্বিক বক্তব্য নয়। দেশের সমসাময়িক অবস্থার সাথে সাধারণভাবে এবং ইসলামী ঐক্য আন্দোলনের সাথে সম্পর্কিত লোকদের মানসিক জিজ্ঞাসার সাথে বিশেষভাবে এর সম্পর্ক রয়েছে। দেশের বর্তমান (১৯৮৫) অবস্থার সাথে আমাদের তৎপরতা সামঞ্জস্যশীল কিনা এবং দেশে প্রচলিত রাজনৈতিক ধারার সাথে আমাদের সম্পর্ক কি, সংশ্লিষ্ট সকলের মনে জেগে-উঠা এ একটি জিজ্ঞাসা। এই জিজ্ঞাসার জবাব একান্তই প্রয়োজন।

আমি এ পর্যায়ে একটু বিশদ আলোচনা পেশ করার প্রয়োজন মনে করছি—যেন আমাদের কাফেলায় শামিল লোকেরা তাদের মনের প্রশ্নের স্পষ্ট জবাব জানতে পারেন, ভবিষ্যতের দিকে চলার পথ-নির্দেশ লাভ করতে পারেন এবং তাদের সম্মুখে আপন জীবন-লক্ষ্য সুস্পষ্টরূপে প্রতিভাত হয়ে উঠে। আর সেই সাথে দেশবাসীও রাজনীতির ক্ষেত্রে আমাদের বিশ্বাস ও তৎপরতা সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করতে সমর্থ হয়।

বর্তমানে দেশে যে রাজনীতি চলছে, সকলেই জানেন, আমরা সে রাজনীতিতে সম্পূর্ণভাবে অনুপস্থিত। দেশের পরিচিত রাজনৈতিক দল, জোট ও গোষ্ঠীগুলো যা যা বলছে ও করছে, আমরা তা বলছি না, করছিও না। আমাদের কথা ও কাজ দেশের বর্তমান রাজনৈতিক ধারা-প্রবাহের সাথে সামঞ্জস্যশীল নয়। এদেশের বর্তমান অবস্থার প্রেক্ষিতে আমাদের বক্তব্য সম্পূর্ণ ভিন্নতর। রাজনৈতিক দল ও জোটসমূহ যে সব মৌলিক সমস্যার কথা বলে, আমরা সেগুলিকে আদৌ মৌলিক সমস্যা মনে করি না। তারা সমস্যাবলীর যে সমাধান পেশ করে আমরা তাকে আদৌ সমাধান মনে করি না; বরং আমাদের দৃষ্টিতে দেশ ও জাতির প্রকৃত সমস্যার দিকে তাদের আদৌ দৃষ্টি নেই, তা তাদের চোখেও পড়ে না। তাদের পেশকৃত সমাধান বরং আমাদের দৃষ্টিতে নতুন করে সমস্যা সৃষ্টিরই নামান্তর।

শুধু তাই নয়, সমাধানের নামে তারা যে জিনিস জাতির সম্মুখে উপস্থাপন করছে, তা পুরাতন সমস্যারই পুনরাবৃত্তি। সে সমাধান জাতির প্রকৃত মুক্তির পথে বিরাট অন্তরায় হয়ে দাঁড়াতে পারে; বরং আজ প্রকৃত সমস্যার সমাধান যত সহজ, তাদের উপস্থাপিত সমাধান তাকে তত বেশী কঠিন ও দুঃসমাধ্য বানিয়ে দিতে পারে। তাই এ ব্যাপারে আমরা তাদের সাথে কিছুমাত্রও একমত নই।

### দেশের বর্তমান সার্বিক অবস্থা

দেশের বর্তমান সার্বিক অবস্থা হচ্ছে, প্রায় চারটি বছর ধরে দেশে সর্বাত্মক সামরিক শাসন চলছে। 'সামরিক শাসন' হচ্ছে জন— প্রতিনিধি নয়— জনগণের একবিন্দু আস্থাভাজনও নয়— এমন এক ব্যক্তির নিরংকুশ ও স্বেচ্ছাচারমূলক শাসন। এখানে সর্বময় কর্তৃত্ব এক ব্যক্তির কুক্ষিগত। সে একাই স্বাধীন। দেশের জনগণের না কিছু ভাববার-বলবার অধিকার আছে, না আছে সেই এক ব্যক্তির মতের বিরুদ্ধে কিছু করবার একবিন্দু অধিকার। সকল নাগরিক সেই এক ব্যক্তির নিরংকুশ কর্তৃত্বের অধীন, অধিকার-বিঞ্চত নিকৃষ্ট গোলাম। সে 'ভালো' কে মন্দ বললে তা-ই মন্দ হয়ে যায় আর মন্দকে ভালো বললে তাই সকলকে ভালো জেনে গ্রহণ করতে হয়। সুস্থ বিবেক-বুদ্ধি ও চিরন্তন শাশ্বত আদর্শের ভিত্তিতে কোন্টা প্রকৃত ভালো আর কোন্টা প্রকৃত ভালো বার কোন্টা প্রকৃত আধিক লাঞ্ছনা ও অবমাননা আর কি হতে পারে।

বর্তমানে (১৯৮৫) দেশের জনজীবন সর্বদিক দিয়েই অসম্ভব, দুঃসহ ও কঠিনতম হয়ে দাঁড়িয়েছে। এখানে জীবন ও মান-ইজ্জতের কোন নিশ্চয়তা নেই। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য একেবারে লাগামহীন, নিয়ন্ত্রণহীন, জনগণের ক্রয় ক্ষমতার অনেক তানেক উর্ধে। প্রশাসন ও বিচার বিকেন্দ্রীকরণের নামে বিচারকে পণ্যদ্রব্যে পরিণত করা হয়েছে; যে যত বেশী মূল্য দিতে পারে,

স্মর্তব্য, একথা বলা হয়েছিল ১৯৮৫ সনের শেষ দিকে। এর পরবর্তী পাঁচ বছরে দেশের বেসামরিক শাসন চালু থাকলেও চরিত্রের দিক দিয়ে তা সামরিক শাসন থেকে ভিন্নতর কিছু ছিল না। – সম্পাদক

২ ১৯৯১ সালে সংবিধান সংশোধন করে সংসদীয় পদ্ধতি চালু করার পর থেকে এই ক্ষমতা ভোগ করছেন সরকার প্রধান। — সম্পাদক

৩ ১৯৯১ সালের পর অবশ্য বিচার ব্যবস্থাকে আবার কেন্দ্রীভূত করা হয়েছে। – সম্পাদক

বিচারকে সে তত নিজের পক্ষে ক্রয় করতে পারে। ঘূষ-রিশওয়াতের রাজত্বকে উপজেলা পর্যায়ের প্রশাসন থেকে তক্ব করে গ্রাম-পল্লী এলাকা পর্যন্ত বিস্তৃত করে দেয়া হয়েছে। গ্রামের টাউট, চোর-ডাকাতের দাপটে নিরীহ জনগণ ভয়ে থর থর করে কাঁপছে। জীবনের স্বস্তি সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে গেছে। প্রশাসন কার্যতঃ 'দুষ্টের পালন ও শিষ্টের দমন'-এর কাজ করে যাছে।

এখানে সাধারণ মানুষ তথা মানব-বংশের কোন মূল্য বা মর্যাদা নেই। মানব বংশের অপ্রতিরোধ্য বৃদ্ধিতে সর্বময় কর্তৃত্বশালী ব্যক্তি নিজেকে রিযক্দাতা মনে করে সাংঘাতিকভাবে ক্ষুব্ধ ও অসন্তুষ্ট। কুকুর বা গরু-ছাগলের বংশ বৃদ্ধিতে তার কোন আপত্তি নেই। তাই বিশ্ব-ইয়াহুদী সংস্থাসমূহের ঋণ বা 'সাহায্য' বাবদ দেয়া কোটি কোটি টাকা অকাতরে ও বিনা হিসাবে উড়ানো হচ্ছে মানব-বংশের অব্যাহত বৃদ্ধির প্রবাহকে রুদ্ধ করার জন্য, যা মূলতঃ কুরআন-সুনাহ ও প্রকৃতির বিরুদ্ধে লড়াই ছাড়া আর কিছুই নয় এবং যার ব্যর্থতা একান্তভাবে অনিবার্য—অবধারিত।

দেশে প্রকৃত জনমতের এক কানাকাড়িও মূল্য নেই। প্রকৃত জনমত প্রকাশের সকল পথই কার্যতঃ বন্ধ। ৪ গণ-ভোট বা উপজেলা চেয়ারম্যান নির্বাচনের প্রহসন দেখিয়ে জনমতের মূল্য ও নাগরিকদের মর্যাদার প্রতি বৃদ্ধাংগুঠি দেখানো হয়েছে। তথাকথিত এই নির্বাচনে প্রকৃত ভোটদাতারা ভেট কেন্দ্রে না গেলেও তাদের ভোট অদেয় থাকেনি এবং এভাবে না-দেয়া ভোটকে দেয়া গণ্য করে শতকরা নক্বই ভাগেরও বেশী ভোট পেয়ে আস্থালাভ বা নির্বাচিত হবার সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন গৌরব প্রচার করে বেড়ানো হচ্ছে। বিশ্ব সাংবাদিক মহল এই ভোটাভুটির' ভিত্তিহীনতা ও কৃত্রিমতা প্রত্যক্ষ করলেও উক্ত গৌরব প্রকাশে একবিন্দু লজ্জাও বোধ করা হয় না। এই কৃত্রিমতা ও তার উপর এহেন নির্লজ্জতা এ জাতির জন্য এক দূরপনেয় কলংক, সন্দেহ নেই।

জাতীয় সম্পদের বিরাট অংশ কর্তা ব্যক্তি ও তার চাটুকাররাই নিজেদের মধ্যে ভাগ-বাটোয়ারা করে নিচ্ছে। এখানে জাতীয় সম্পদ যে যত বেশী মেরে দিতে পারে, সে তত বেশী যোগ্য বলে বিবেচিত হয় এবং তার পদোন্নতি তত বেশী

<sup>8.</sup> একথারও সময়-কাল ১৯৮৫। - সম্পাদক

৫. ১৯৮৬ ও '৮৭-এর সংসদ ও প্রেসিডেন্ট নির্বাচনও একই রূপ প্রহসনে পর্যবসিত হয়েছে ভোটারবিহীন ভোট গণনার দরুলয় – সম্পাদক

নিশ্চিত হয়। যারা তা পারে না বা নীতিগতভাবেই করতে চায় না, তারা উপেক্ষিত– পদোন্নতির ন্যায়সঙ্গত অধিকার থেকেও বঞ্চিত।

এ জাতির কোন সুনির্দিষ্ট আদর্শ নেই। নেই এর কোন দিক-নির্দেশনা। এ জাতির কার্যক্রম অপরিকল্পিত লক্ষ্যহীন, নিরুর্দিষ্ট। আর শাশ্বত কথা হচ্ছে, সুনির্দিষ্ট আদর্শ ও দিক-নির্দেশনা ছাড়া কোন জাতির অন্তিত্ব অসম্ভব; সে জাতির কোনরূপ উন্নয়নও কল্পনাতীত।

প্রতিবেশী দেশের পণ্যে বাজার ছেয়ে গেছে বলে এদেশের পণ্যের কোন চাহিদা নেই– বিক্রয় নেই। তাই কল-কারখানাসমূহ অচল।

এ জাতি এখনও বাস্তবভাবে স্বাধীণ নয়। কারণ এদেশে আইন-কানুন, শাসন-পদ্ধতি ও জাতীয় জীবনের রীতি-নীতি ও প্রথা-পদ্ধতি এখনও ঠিক তা-ই কার্যকর, যা এই গোলাম দেশকে গোলাম বানিয়ে রাখার জন্য ইংরেজরা এখানে চালু করেছিল। এর জীবন-দর্শন, জীবন-লক্ষ্য, শিক্ষা-প্রশিক্ষণ, শিল্প-সংকৃতি, রাজনীতি, রাষ্ট্রব্যবস্থা, অর্থনীতি ও প্রশাসন-পদ্ধতি এখনও পুরাপুরিভাবে এবং কোনরূপ পার্থক্য ব্যতিরেকে ঠিক তা-ই, যা এই গোলাম দেশের জনগণকে গোলাম করে রাখার উপযোগী করে বৃটিশরা চালু করে গেছে। বিগত আটত্রিশ বছরেও তাতে একবিন্দু পরিবর্তন সূচিত হয়নি। তাই আমি নির্দ্ধিয়া বলছি যে, "আমরা দু'-দু' বার স্বাধীন হয়েও একান্তই পরাধীন হয়ে আছি।" আমরা নিজেদেরকে যতই স্বাধীন বলে দাবী করি না কেন, সে দাবীর অন্তঃসারশূন্যতা অত্যন্ত প্রকট ও অনস্বীকার্য। স্বাধীন জাতির জোন বৈশিষ্ট্যই আর্জ আমাদের মধ্যে খুঁজে পাওয়া যাবে না।

### প্রচলিত রাজনীতি

রাজনীতির সাথে রাষ্ট্র সম্পর্কিত রীতিনীতি, নিয়ম-পদ্ধতি, আইন=কানুন ও আদর্শের সম্পর্ক ওতপ্রোত। আর রাষ্ট্র হচ্ছে সর্বাত্মক- সর্বহাসী। তাই রাজনীতির প্রত্যক্ষ সম্পর্ক আমাদের সামগ্রিক জীবনের— জীবনের সমগ্র দিক ও বিভাগের সাথে অত্যন্ত গভীর। তাই এদেশে বর্তমানে যে রাজনীতি চলছে, সে রাজনীতি নিয়ে দেশের রাজনৈতিক দল ও দলসমূহের জোটগুলি কঠিনভাবে ব্যতিব্যস্ত।

৬ ১৯৮৫ সালে একথা বলা হয়েছে। – সম্পাদক

সে রাজনীতি দেশের সার্বিক অবস্থার সাথে কতটা সামঞ্জস্যপূর্ণ, তার দারা আমাদের জাতীয় জীবনের প্রকৃত সমস্যার সত্যিই কোন সমাধান হওয়া সম্ভব কিনা এবং আমরাই-বা এ রাজনীতির ক্ষেত্রে অনুপস্থিত কেন, তার যৌক্তিকতা কি, বিস্তারিতভাবে এ সবের বিশ্লেষণ হওয়া আবশ্যক। অতঃপর এই পর্যায়ে আমার বক্তব্য পেশ করছি।

## প্রচলিত রাজনীতির মূল্যায়ন

প্রচলিত রাজনীতির ব্যাপক মূল্যায়ন পর্যায়ে আমার বক্তব্য হচ্ছেঃ

১. দেশে বর্তমানে যে রাজনীতি চলছে, প্রথমতঃ তা গোলামির প্রতীক। এদেশ যে অতীতে পরাধীন ছিল এবং এখনও কিছুমাত্র স্বাধীনতার বিশেষত্ব লাভ করতে পারেনি, তার বাস্তব ও অকাট্য প্রমাণ হচ্ছে দেশের প্রচলিত রাজনীতি। এ রাজনীতি হুবহু তা-ই, যা ইংরেজ এ দেশের 'হর্তাকর্তা্-বিধাতা' থাকাকালে চালু করেছিল অধীন দেশের জনগণকে গোলাম বানিয়ে রেখে শাসন ও শোষণ করার জন্য, গোলাম উপযোগী রাজনীতি হিসাবে।

সকলেরই জানা কথা, উপমহাদেশে যখন স্বাধীনতার জন্য বৃটিশ বিরোধী আন্দোলন ব্যাপক এবং তীব্রতর হয়ে উঠেছিল, তখন ইংরেজরা মনে করেছিল এদেশে এমন এক ধরনের রাজনীতি চালু করা এবং রাজনৈতিক তৎপরতা চালানোর সুযোগ করে দেয়া আবশ্যক, যা পেয়ে এদেশের জনগণ পরাধীন থেকেও নিজেদেরকে স্বাধীন মনে করতে পারবে; এমন এক রাজনৈতিক ঘোরপ্যাচে তাদেরকে জড়িয়ে দেয়া দরকার, যার জটাজালে বন্দী থেকেও তারা মনে করবে— আমরা স্বাধীনতা পেয়ে গেছি, আমরা আমাদের নেতা নির্বাচন করে তাদের দ্বারা শাসিত হওয়ার এবং তাদের মাধ্যমে বৈষয়িক সুযোগ-সুবিধা ও চাকরি-বাকরী লাভের উপায় পাচ্ছি; সর্বোপরি তা হবে এমন এক রাজনীতি, যার মধ্যে লিপ্ত থেকে জনগণের প্রকৃত আস্থাবাজন, তাদের প্রকৃত কল্যাণকামী, সত্যদর্শী ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তিরা নির্বাচিত হতে, জনগণের নেতৃত্ব দিতে এবং তাদের জাতীয় আদর্শ বাস্তবায়নে কখনই সক্ষম হবে না।

এ উদ্দেশ্যেই ইংরেজ সরকার ১৯৩৫ সনের ভারত শাসন আইন জারি করে। এই আইনের ভিত্তিতে কেবলমাত্র প্রাদেশিক পরিষদের নির্দিষ্ট সংখ্যক সদস্য নির্বাচনে বিশেষ পরিমাণের 'কর'দাতাদের ভোট দানের সুযোগ দেয়া হয়– যদিও দেশের সার্বভৌমত্ব তখন বৃটিশ সরকারেরই কুক্ষিণত এবং সমগ্র উপমহাদেশের উপর বৃটিশ সরকারের প্রতিনিধি হিসাবে বড়লাটেরই একচ্ছত্র কর্তৃত্ব কার্যকর ছিল। সর্বোপরি তখন উপমহাদেশ-ভিত্তিক কেন্দ্রীয় পরিষদ নির্বাচনেরও কোন ব্যবস্থা ছিল না।

প্রদেশ-ভিত্তিক পরিষদ গঠনের জন্য ১৯৩৬ সনেই সর্বপ্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় ও দেশের বিশেষ পরিমাণের 'কর' দাতা ব্যক্তিরা তাতে ভোট দেয়ার সুযোগ লাভ করে। এতে বিভিন্ন দল টিকেট (মনোনয়ন) দিয়ে নিজেদের দলীয় সদস্যদেরকে ভোট-প্রার্থী হিসেবে দাঁড় করায়, তাদের জয়ী করার জন্য দলের পক্ষ থেকে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করা হয় এবং দলীয় কর্মী ও স্বেচ্ছাসেবকদের দিয়ে প্রার্থীর পক্ষে ব্যাপক ক্যানভাস করানো হয়। বৃটিশ শাসনের অবসানের পর পাকিস্তান ও বাংলাদেশ পর্যায়ক্রমে এই রাজনীতিরই উত্তরাধিকার লাভ করে। গণতন্ত্রের নামে এ রাজনীতিই এখন চলছে দেশে। নানা মত ও পথের রাজনৈতিক দল গঠন, নির্বাচনে দলের প্রার্থী দাঁড় করানো, তার সাফল্যের জন্য দলের পক্ষ থেকে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ, স্বেচ্ছা-সেবী (ভলান্টিয়ার) বাহিনী পাঠিয়ে ক্যানভাস করানো, টাকা দিয়ে ভোট ক্রয়– এই হ'ল বর্তমান গণতান্ত্রিক রাজনীতির সারকথা।

এই দৃষ্টিতে তখনকার ও বর্তমান রাজনীতির বিচার-বিবেচনা করা হলে এ দুয়ের মধ্যে দৃষ্টিভঙ্গি ও বাস্তব কাজের দিক দিয়ে কোন মৌলিক পার্থক্যই লক্ষ্যগোচর হবে না। তখন প্রার্থী ভোটদাতাদের বাড়ী বাড়ী গিয়ে ভোট চাইত, এখনও চায়। তখনও প্রার্থী জনগণের হাতে আকাশের চাঁদ তুলে দেয়ার ওয়াদা করত, এখনো করে। তখনো দলের টিকেট নিয়ে প্রার্থী দাঁড়াতো, এখনো দাঁড়ায়। তখনো দলীয় প্রার্থীর পক্ষে দলের তরফ থেকে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করা হত, এখনো করা হয়। তখনো দলীয় কর্মী ও স্বেচ্ছাসেবীরা প্রার্থীকে জয়ী করার জন্য কাজ করত, এখনো তা-ই করে। তখনো দেখা হত না প্রকৃত সার্বভৌমত্ব কার হাতে এবং প্রার্থীর বাস্তবিকৃই কিছু করার ক্ষমতা আছে কিনা, এখনো তা দেখা হয়না। তখনো জনগণকে মিথ্যা ওয়াদা দিয়ে ভোলানো হত, এখনো তা হয়। তখনো হয় তখনো নগদ টাকা দিয়ে ভোট কেনা হত, এখনো তা হয়। তখনো যেমন জাল ভোট দেয়া হত, ভোট বাক্স ছিনতাই হত, এখনো তা হয়; বরং এখন তা হয় আগের তুলনায় অনেক অনেক বেশী – যাকে ব্যালট

ডাকাতি বলাই অধিকতর শোভন, তার রূপ বা ধরন যাই হোক না কেন! তখুনো নির্বাচিত হওয়ার পর সংসদ সদস্যরা জনগণের কল্যাণে কিছুই করতে পারত না, এখনো তেমন উল্লেখযোগ্য কিছুই করতে পারে না। কাজেই পরাধীনতার আমলের রাজনীতি ও স্বাধীনতার আমলের রাজনীতি অভিনু ও একাকার; এ দুয়ের মধ্যে কোনই পার্থক্য নেই। আমার মতে দেশের প্রচলিত রাজনীতি পরাধীনতার প্রতীকই শুধু নয়, পরাধীনতার চরিত্রকে দৃঢ়তা ও স্থায়িত্ব দানকারীও। আর এজন্যই আমরা এই রাজনীতির ক্ষেত্রে অনুপস্থিত। কেননা আমরা প্রকৃত স্বাধীনতার পক্ষে। পরাধীনতার সমস্ত চিহ্নকে চিরতরে মুছে ফেলাই আমানের ঐকান্তিক দাবী।

২. দেশের প্রচলিত রাজনীতি যেমন পরাধীনতার চরিত্র সৃষ্টিকারী তেমনি তা ধর্ম-নিরপেক্ষতা-ভিত্তিক। ধর্মনিরপেক্ষতা- ইংরেজী পরিভাষায় যার নাম সেকিউলারিজম (Secularism) <sup>৭</sup>। সেকিউলারিজম হচ্ছে, খৃষ্টান ইউরোপে সৃষ্ট একটি বিশেষ ধরনের মতাদর্শ। এটি বৈষয়িক দৃষ্টিভঙ্গি ও বস্থবাদী ধ্যান-ধারণার্ন ফসল। এতে শুধু বৈষয়িক ব্যাপারাদিই বিবেচনা ও গুরুত্ব লাভের অধিকারী। মানুষ যে এই জগতে এক বিশেষ ও মহান মর্যাদাসম্পন্ন সৃষ্টি, তা এতে স্বীকৃত নয়; বরং মানুষকে মনে করা হয় জল্প-জানোয়ারেরই অধঃস্তন বংশধর। জন্তু-জানোয়ারের যেমন কোন নৈতিকতা-ন্যায়-অন্যায়, ভালো-মন্দ বা হালাল-হারামের বিবেচনা নেই, এই মত অনুসারে মানুষেরও তা থাকবে না। এতে যদিও ধর্মবিশ্বাস পোষণের ব্যক্তিগত সুযোগ আছে; কিন্তু তা ব্যক্তির নিজস্ব চিন্তা ও ব্যক্তিগত পর্যায়ের কিছু ধরা-বাঁধা আনুষ্ঠানাদির মধ্যে সীমাবদ। সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক বা শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে ধর্মের কোন প্রশ্ন তোলা যাবে না, কোন প্রভাব চালানো যাবে না, দোহাই দেয়া চলবে না। ফলে পশুর ন্যায় ধর্মহীন জীবনকেই মনে করতে হয় মানুষের ললাট লিখন। কিন্তু আমরা এই চিন্তাকে সম্পূর্ণ ভিত্তিহীন, অসত্য, অযৌক্তিক ও অবৈজ্ঞানিক মনে করি। তাই সেকিউলার রাজনীতিতে আমাদেরকে খুঁজে পাওয়া যাবে না। সেখানে আমাদের উপস্থিতিকেও আমরা শাশ্বত ঈমানের পরিপন্থী মনে করি।

শব্দটির অভিধানিক অর্থ হল- রাজনীতি, শিক্ষা সংস্কৃতি ইত্যাদি ধর্মের প্রভাব থেকে মুক্ত
রাখার মতবাদ। – সম্পাদক

৩. বর্তমানে (১৯৮৫) দেশে যে রাজনীতি চলছে স্পষ্টতর ভাষায় বললে তা হচ্ছে গণ্তন্ত্র পুনরুদ্ধারের রাজনীতি। অন্য কথায় এ দেশে পূর্বে গণতন্ত্র কার্যকর ছিল, বর্তমানে এই সামরিক শাসনের আমলে সে গণতন্ত্র নেই। ত অতএব তা পুনরুদ্ধার করতে হবে, এ-ই হচ্ছে এখনকার রাজনীতির সারকথা।

একথা ঠিক যে, বর্তমানে সামরিক শাসনে 'গণতন্ত্র' চালু নেই, অন্য কথায় পূর্বের ন্যায় জনগণ ভোট দিয়ে জাতীয় সংসদের নির্বাচন করছে না; নির্বাচিত সংসদ সদস্যদের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা প্রধানমন্ত্রী এবং অন্যান্য প্রভাবশালী নেতারা বিভিন্ন বিভাগের মন্ত্রী রূপে নিযুক্ত নেই - যদিও এই সামরিক শাসনে অনির্বাচিত এক ব্যক্তির নিরংকুশ শাসন ক্ষমতার অধীন এক ব্যক্তি প্রধানমন্ত্রীও হয়েছে, বিভিন্ন মন্ত্রীত্বে রাজনৈতিক ময়দানের বিভিন্ন দিকপাল ক্ষমতাসীনের ব্যক্তিগত দয়া ও অনুকম্পার দান হিসেবে সেই ব্যক্তির গুণগান ও বিজয় গাঁথা প্রচার ও মোসাহেবী করার কাজে নিযুক্তি পাচ্ছে এবং পেয়ে নিজেদেরকে ধন্য ও কৃতার্থ মনে করছে।

কিন্তু তা সত্ত্বেও দেশে গণতন্ত্র নেই, একথা সর্ববাদীসমত। এমনকি তথাকথিত গণতান্ত্রিক উপায়ে কয়েক কোটি ভোটে নির্বাচিত প্রেসিডেন্টকে জাতির মাথার ঘাম পায়ে ফেলে উপার্জন করা টাকায় আলালের ঘরের দুলালের ন্যায় লালিত-পালিত ও বিশেষ ধরনের বেশভ্ষা ও অন্তর্শন্ত্রে সজ্জিত বাহিনীর প্রধান হওয়ার সুযোগে— সিংহাসন থেকে ধাক্কা মেরে সরিয়ে দিয়ে সিংহাসন দখলকারী ব্যক্তি বলছেন, দেশে এখন গণতন্ত্র নেই বটে; কিন্তু আমি গণতন্ত্র বিরোধী নই। আমিই গণতন্ত্র দেব। তবে তা দেয়ার প্রক্রিয়া কি হবে, তা নির্ধারণের জন্য তা দেয়ার পূর্বে আমার সাথে সংলাপে বসতে হবে।

তার অর্থ, গণতন্ত্র এমনই এক চীজ যে, এই মাত্র যে ব্যক্তি গণতান্ত্রিক ব্যবস্থার শিরক্ছেদ করল, সেও গণতন্ত্রের বিরোধী নয়, সেও-গনতন্ত্র দিবে বলে রস উপচানো সংলাপ চালাতে সদা প্রস্তুত। আর গণতন্ত্রবাদী রাজনৈতিক দল ও জোটসমূহের লোকেরা গণতন্ত্রের স্বাদ আস্বাদন করতে না পারলেও সংলাপের উপচানো রস আস্বাদনের জন্য বঙ্গ ভবন দখলকারী ব্যক্তির বাড়িতে গিয়ে হাযিরা দিতে কিছুমাত্র লজ্জাবোধ করে না।

b. উল্লেখ্য যে, কথাটি বলা হয়েছে ১৯৮৫-এর বিরাজমান পরিস্থিতিতে, যার সাথে বর্তমান অবস্থার বাহ্যিক মিল না থাকলেও চরিত্রগত মিল রয়েছে। – সম্পাদক

হাঁ, 'গণতন্ত্র' এক আজব চীজই বটে। কেননা তা সরাসরি এসেছে ইংল্যাণ্ড থেকে। নিশ্চয়ই এটি আমদানী করা এক পরম লোভনীয় বস্তু। ইউরোপেই এই বস্তুর আবিষ্কার, সেখানেই সর্বপ্রথম এর উৎপাদন। তার পরেই দুনিয়ার অন্যান্য দেশে এই বস্তুর রপ্তানী কার্য সম্পাদিত হয়েছে। আমাদের এই দেশে এ বস্তু রপ্তানী করা হয়েছিল ১৯৩৫ সনের ভারত শাসন আইনের মোড়কে ভরে।

ইউরোপ তখন সামন্তবাদ থেকে রাজতন্ত্রে উত্তরণ লাভ করেছে, সে রাজতন্ত্রের উপর যদিও সামান্তবাদের ভূত পুরাপুরি চেপে বসেছিল। পরে এই রাজতন্ত্রের বিরুদ্ধে প্রচণ্ড ক্ষোভ-বিক্ষোভ এবং পরিপামে বিদ্যোহ দেখা দেয়। তখন ইউরোপ রাজতন্ত্র থেকে গণতন্ত্রে উত্তরিত হয়, যদিও সে গণতন্ত্রের উপর প্রাচীন সামন্তবাদ ও পরবর্তী রাজতন্ত্রের ভূত পুরোমাত্রায়ই প্রভাবশালী হয়ে বসেছে। সে ভূত মানুষের উপর মানুষের নিরংকৃশ কর্তৃত্ব ও স্বেচ্ছাচারিতা, মানুষকে মানুষের দাসত্ব করতে বাধ্য করা— যেন তা সত্ত্বেও জনগণ মনে করতে থাকে যে আমরা তো স্বাধীন!

বলা যেতে পারে, গণতন্ত্র তো স্বাধীনতার সনদ। এখানে দাসত্ত্বের প্রশ্ন কি করে উঠতে পারে?

হাঁ, কথাটি খুব সহজবোধ্য নয়, স্বীকার করছি। কিন্তু তা সত্ত্বেও বলব, গণতন্ত্র মানুষের দাসত্বের শৃঙ্খলে বন্দী করার একটি বড় চাকচিক্যময় ফাঁদ– তাতে কোনই সন্দেহ নেই।

গণতন্ত্রে সামন্তবাদ ও রাজতন্ত্রের ভূত রয়েছে, আমি বলেছি। কেননা সামন্তবাদ ও রাজতন্ত্রে ব্যক্তির নিরংকুশ কর্তৃত্ব প্রবলভাবে কার্যকর। গণতন্ত্রেও তাই। কেননা গণতন্ত্রে মৌলিকভাবে মানুষের নিরংকুশ সার্বভৌমত্ব স্বীকৃত। বাহ্যতঃ তাতে বহু লোকের নিকট ক্ষমতা বিভক্ত দেখা গেলেও মৌলিকভাবে তাতে এক ব্যক্তিরই ইচ্ছা-অনিচ্ছা বা পছন্দ অপছন্দের প্রাধান্য বিরাজমান। তাই গণতন্ত্র মানুষকে মানুষের দাসত্ব থেকে একবিন্দু মুক্ত করে না; বরং নতুন করে দাসত্বের শৃঙ্খলে বন্দী করে-একথা সকল সংশয়ের উর্ধে।

তাছাড়া বর্তমানে প্রচলিত রজানীতিতে 'গণতন্ত্র' হচ্ছে একটি প্রচণ্ড ধোঁকা। এর ভিত্তিতে দেশে নির্বাচনের ব্যবস্থা করা হয়। জনগণকে বোঝানো হয় যে, তারাই হচ্ছে দেশের ভাগ্য-নিয়ন্তা। তারা যা চাইবে, গণতান্ত্রিক ব্যবস্থায় তা-ই বাস্তবায়িত হবে; কিন্তু এ সবই ধোঁকা, নিছক প্রতারণা মাত্র।

গণতন্ত্রে কার্যতঃ তা কখনো হয় না। তাতে জনগণ বড়জোর একটা ভোট দেয়ারই অধিকার পায়; কিন্তু সেই ভোট লাভ করে যারা নির্বাচিত হয় জনগণ আর তাদের নাগালের মধ্যে পায় না। তারা থাকে ধরা-ছোঁয়ার বাইরে। নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত জনগণের আর কিছুই করবার থাকে না। তারা ভোট দেয়ার পূর্বে যে তিমিরে ছিল, সেই তিমিরেই থেকে যায় ভোট দেয়ার পরও। বৃস্তুতঃ গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণের ভাগ্যের কোন পরিবর্তনই সম্ভব হয় না।

আমাদের এই ক্ষুদ্র ভূখণ্ডে গণতন্ত্রের নির্বাচন তো বহুবার হল; কিন্তু তার ফলে এখানকার জনজীবনে কোন পরিবর্তন এসেছে বলে কি কেউ দেখাতে পারেন? <sup>১</sup>

প্রকৃতপক্ষে বর্তমান রাজনীতিতে গণতন্ত্র জনগণের অধিকার হরণের একটা মাধ্যম হয়ে দাঁড়িয়েছে। প্রাক-স্বাধীনতা যুগে এক ব্যক্তি গণতন্ত্রের লড়াই করে করে বিশেষ জনপ্রিয়তা অর্জন করে। কিন্তু গণতান্ত্রিক নির্বাচনের মাধ্যমে ক্ষমতা লাভ করেই সে গণতন্ত্রেরই দোহাই পেড়ে গণঅধিকার হরণ করে নেয়। প্রথমে সারাদেশে জরুরী অবস্থা ঘোষণা করে, তার পরে 'দ্বিতীয় বিপ্লবের' নামে জনগণের রাজনৈতিক ও মানবিক অধিকার হরণ করে এবং সমস্ত রাজনৈতিক দল নিষিদ্ধ করে একটি মাত্র দলে সকল মানুষের শামিল হওয়ার বাধ্যবাধকতা আরোপ করে।

ফলে বহু-কাজ্জ্বিত গণতন্ত্র নিমেষে স্বৈরতন্ত্রে রূপান্তরিত হয়ে গেল। এটা কেমন করে হলং হল এজন্য যে, মৌলিক দৃষ্টিতে গণতন্ত্র ও স্বৈরতন্ত্রের মধ্যে তেমন কোন পার্থক্য নেই। উভয়ের মূলেই রয়েছে মানবীয় সার্বভৌমত্ব। আর মানবীয় সার্বভৌমত্ব কখনও ব্যক্তি-ভিত্তিক চলে, কখনও চলে সমষ্টি-ভিত্তিক।

কেউ কেউ যুক্তি দেখাতে চায়, দেশে এখন (১৯৮৫) গণতন্ত্র নেই বলে আদর্শ প্রচারের কাজ করতে বড় অসুবিধা। তাই গণতন্ত্র হলে আদর্শ প্রচারের সুবিধা ও অবাধ অধিকার পাওয়া যাবে। কিন্তু এদ্রেশের নিকট-অতীতের ইতিহাস তাদের এই ধারণাকে সম্পূর্ণ ভিত্তিহীন প্রমাণ করে। গণতন্ত্রবাদীরা গণতন্ত্রের নিয়মে নির্বাচিত হয়ে প্রথমেই যে গণতন্ত্র তথা গণ-অধিকারকে রাজপথে, যবাই করে, তা কি এদেশের লোকেরা নিজেদের চোখে দেখেনিং নিক্রাই দেখেছে। কাজেই

৯. এ প্রসঙ্গে ১৯৫৪, ১৯৭০, ১৯৭৩, ১৯৯১ এবং ১৯৯৬-এর পণতান্ত্রিক নির্বাচনের অভিজ্ঞতা এখানে স্মর্তব্য। – সম্পাদক

এটা নির্দ্বিধায় বলা যায়, গণতন্ত্র হলেও আদর্শ প্রচারে সুবিধা পাওয়ার কোন আশা নেই। ১০ সুতরাং গণতন্ত্র ইসলামের পথ সুগম করে দেবে তা কেবল আহম্মক লোকেরাই মনে করতে পারে।

৪। গণতন্ত্রে নির্বাচন একটা বড় প্রতারণা মাত্র। ব্যাপারটা গভীরভাবে প্রণিধানযোগ্য। নির্বাচন দল-ভিত্তিক হোক বা নির্দলীয়, তাতে ব্যক্তিকেই প্রার্থী হতে হয় এবং ব্যক্তিকেই ভোটদাতাদের দ্বারে দ্বারে দ্বরে ভোট চাইতে অর্থাৎ ভোট ভিক্ষা করতে হয়।

কিন্তু ব্যক্তি কেন ভোট চাইবে? মানুষ ষে জিনিসের মুখাপেক্ষী, যে দিক দিয়ে ব্যক্তি অভাবগ্রস্ত, ব্যক্তি সাধারণতঃ তা-ই পাওয়ার জন্য কন্ত স্বীকার করে। প্রয়োজন তীব্র হলে দারে দারে ভিক্ষা করতেও সে দিধাবোধ করে না— যখন আর কোন উপায় থাকে না। কিন্তু ব্যক্তি— সে দলীয় বা নির্দলীয়— কেন লোকদের নিকট ভোট ভিক্ষা করবে? তার নির্বাচিত হওয়া কি তার নিজের জন্য প্রয়োজন, না জনগণের জন্য? জনগণের জন্য হলে তার তো বাড়ী বাড়ী ভোট ভিক্ষা করে বেড়ানোর প্রশ্ন উঠে না, জনগণ স্বতঃস্কৃর্তভাবেই তাকে ভোট দেবে। সে রাখী না হলেও জনগণ প্রয়োজন মনে করলে তাকে রাধী করাবে তাদের প্রয়োজন প্রণের জন্য। তারাই তাকে বিজয়ী করার জন্য উদ্যোগ গ্রহণ করবে। অথচ এখানে হছে তার বিপরীত। শুধু তাই নয়, ভোট-প্রার্শীর ভোট ভিক্ষা এক মহা দুর্নীতি ও কঠিন স্বার্থপরতার ইঙ্গিত প্রদান করে। স্পষ্ট মনে হয়, তার নির্বাচনে প্রার্থী হওয়ার মূলে নিহিত রয়েছে তার নিজের স্বার্থ— জনস্বার্থ নয়। তার মনে ক্ষমতা লাভের বা কোন-না-কোন ভাবে স্বীয় শ্রেষ্ঠত্ব প্রমাণের লোভ উদগ্র হয়ে আছে এবং তার চরিতার্থতার জন্যই সে সদস্য নির্বাচিত হতে চাছে।

তাছাড়া ভোট পাওয়ার জন্য প্রচার-প্রোপাগান্তা, ক্যানন্ত্যাসিং ইত্যাদির জন্য প্রার্থীকে লক্ষ লক্ষ টাকা ব্যয় করতে হয়-সে টাকা তার নিজের হোক বা দলের পক্ষ থেকে দেয়া হোক; কিন্তু কেন এই টাকা ব্যয়ঃ

এ টাকা তার নিজের হলে প্রশ্ন হচ্ছে, এই লক্ষ লক্ষ টাকা শুধু ভোট কেনার জন্য সে কোথায় পেলঃ কেমন করে এত টাকা সে যোগাড় করলঃ তার ও

১০. ১৯৯১ ও ১৯৯৬ সালে গণতন্ত্র পুনরুদ্ধারের পর ধেকে ঐ যুক্তি প্রদর্শনকারীরাই একথার যথার্থতা হাড়ে হাড়ে টের পাচ্ছে, যদিও এখন পর্যন্ত তাদের মোহমুক্তি ঘটেনি। – সম্পাদক

পরিবারবর্গের দৈনদিন প্রয়োজন পূরণের পরও সে এত টাকা এই কাজে কেমন করে ব্যয় করতে পারছে? সে বিরাট পুঁজিপতি নিশ্চয়ই। সেক্ষেত্রে তাঁর এ বিপুল পরিমাণ টাকা সংগ্রহের মূলে প্রচ্ছন্ন রয়েছে শোষিত-বঞ্চিত লক্ষ লক্ষ নর-নারী, শিশু ও বৃদ্ধের হাহাকার। এহেন ব্যক্তির টাকা ব্যয়ের পরিণামে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর জনগণের সার্বিক কল্যাণ তো দূরের কথা, সাধারণ দু-একটি কল্যাণের কাজ করাও কি তার পক্ষে সম্ভবং আর সে তা করবেই বা কেনং সে তো নগদ মূল্যে সদস্য-পদ ক্রয় করেছে। তা একান্তভাবে তার নিজের টাকা দিয়ে ক্রয় করা একটি সম্পদ। সূতরাং জনগণের কল্যাণের জন্য কিছু করতে কিংবা জনমতকে সমীহ করতে অথবা কোন জনদাবী পূরণ করতে সে কোনক্রমেই বাধ্য হতে পারে না।

পক্ষান্তরে দল প্রার্থীর জন্য টাকা ব্যয় করলেও সে একই প্রশ্ন এবং একই পরিণতি। এ দুয়ের মাঝে কোন মৌলিক পার্থক্য নেই। তাছাড়া দলের কর্মীরা এক ব্যক্তির বিজয়ের জন্য শ্রম করবে কেন? সে যদি বিজয়ী হয়, তাতে কর্মীদের কি লাভ? হয়ত এটাই লাভ যে, তার কাছ থেকে পারমিট, লাইসেন্স ইত্যাদি পাওয়া যাবে। কিন্তু তা তো সকল ক্ষেত্রে, বিশেষ করে বিরোধী দলের সদস্যের কাছ থেকে পাওয়া সম্ভব নয়। তা হলে কর্মীরা কেন এক ব্যক্তির জন্য শ্রম করবে? অতএব এরূপ নির্বাচনের ফলে জনগণের যে কোন কল্যাণই সাধিত হয় না–হওয়া সম্ভব নয়, তাতে একবিন্দু সন্দেহের অবকাশ থাকে না। ১১

ে। নির্বাচনের এই পদ্ধতি সম্পূর্ণরূপে পুঁজিবাদী। এতে অংশগ্রহণ ও ভোট যুদ্ধে জয় লাভ করে সদস্য নির্বাচিত হওয়া কেবলমাত্র পুঁজিপতি ব্যক্তিদের পক্ষেই সম্ভব। আর রাজনৈতিক গণতন্ত্রের সাথে অর্থনৈতিক পুঁজিবাদের যে ওতপ্রোচ্চ সম্পর্ক, তা তাত্ত্বিকভাবেও স্বীকৃত। আর এ কারণেই আজ পর্যন্তকার পুঁজিবাদী নির্বাচনসমূহের পরিণামে এদেশে বড় বড় পুঁজিপতিরই সৃষ্টি হয়েছে; তালের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে পুঁজিবাদী শোষণমূলক এক নিকৃষ্ট অর্থব্যবস্থা। পক্ষাভরে জনগণের দারিদ্র্যে দশা একবিন্দু হ্রাস পাওয়ার পরিবর্তে ক্রমাগতভাবে তা মারাত্মক রূপ পরিগ্রহ করছে।

১১. দেশের বর্তমান গণতান্ত্রিক সংসদের সদস্যবর্গের কর্মতৎপরতা পর্যালোচনা ক**রলেই** একথার সত্যতা নিঃসংশয়ে প্রতিপন্ন হবে। – সম্পাদক

এই পুঁজিপতি রাষ্ট্রকর্তারাই আমাদের দেশটিকে পৃথিবীর দরিদ্রতম দেশসমূহের নিম্নস্তরে নামিয়ে দিয়েছে। আমি বলবো, এই দেশটি মূলতঃ কোন দরিদ্র দেশ নয়। আমাদের এই দেশের পরতে পরতে, কন্দরে কন্দরে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে মহান আল্লাহ্র দেয়া অফুরন্ত প্রাকৃতিক সম্পদ। পুঁজিপতিরা নগদ টাকা ব্যয় করে প্রথমে সংসদ সদস্য ও পরে রাষ্ট্র-পরিচালক হয়ে নিজেদের সম্পদের পরিমাণ বৃদ্ধির চিন্তায় দিন-রাত মশগুল ও ব্যতিব্যস্ত হয়ে থাকে। দেশের এসব সম্পদ কাজে লাগিয়ে জাতীয় সম্পদ বৃদ্ধির এবং তার দারা সাধারণ মানুষের অভাব মোচন ও জীবন-মান উন্নয়নের ব্যবস্থা করার কোন অবসর পায় না। সে চেষ্টাও তারা করে না, চেষ্টা করার প্রয়োজনও বোধ করে না। কেননা অভাব-অন্টন ও দারিদ্যের জ্বালা যে কতখানি মর্মান্তিক, তা অনুধাবন করার সাধ্যও এদের নেই। এক্ষেত্রে পুঁজিবাদী রাজনীতি ও সমাজতন্ত্রবাদী রাজনীতি সম্পূর্ণ একাকার- অভিন্ন। সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর সাধারণ দরিদ্র জনতার কথা তাদের কারোরই মনে থাকে না; কেননা তারা তো সকলেই এই সদস্যপদ নগদ টাকায় ক্রয় করেছে। এখন সে ব্যয় করা টাকা যেমন তুলতে হবে, তেমনি পাঁচ বছর পর আবার যে নির্বাচন হবে, তাতে ব্যয় করার জন্যও তো তাকে অনুরূপ আরও অধিক টাকা সংগ্রহ করতে হবে। এসব চিন্তায় প্রতিনিয়ত তাকে মশ**ণতল ও ব্যক্ত থাকতে হয়**। সরকার পক্ষের সদস্য হলে তো সুযোগের শেষ নেই; বিরোধী দলের হলেও তাকে নানান কৌশল অবলম্বন করতে হয়। এ শুধু টাকার খেলা, দুর্নীতির পথ উন্মুক্ত করার প্রতিযোগিতা মাত্র। এ কাজের প্রতি স্বভাবতঃ আমাদের কোন আকর্ষণ বা আগ্রহ নেই। অতএব এ কাজে আমরা নেই।

৬. বর্তমান গণতান্ত্রিক নির্বাচনে অংশ গ্রহণ পুঁজি-মালিকদের সেব্যক্তি হোক বা দল একটা লাভজনক ব্যবসা মাত্র। এ ব্যবসায়ে গরীব মানুষের পক্ষে অংশ গ্রহণের কোন প্রশ্ন উঠে না। প্রশ্ন উঠে না সমাজের অপেক্ষাকৃত সং ও দরিদ্র মানুষের কল্যাণকামী নিঃস্বার্থ ব্যক্তিবর্ণের পক্ষে। তাহলে একথা এক চিরন্তন সত্য হয়েই দাঁড়ায় যে, বর্তমান রাজনীতির পরিণামে কেবল পূঁজিপতিরাই সংসদ সদস্য ও রাষ্ট্র-পরিচালনা বা রাষ্ট্রকর্তা নির্বাচিত হতে পারে। দরিদ্র ব্যক্তিরা যতই সং ও জন-কল্যাণকামী হোক, তাদের পক্ষে প্রচলিত নির্বাচনে অশং গ্রহণ, নির্বাচনী অভিযান চালানো এবং সংসদ সদস্য নির্বাচিত হওয়া ও ক্ষমতাসীন

হওয়া কিছুতেই সম্ভব নয়। তাই যে রাজনীতির আওতায় অনুষ্ঠিত নির্বাচনে কেবল পুঁজিপতিরাই নির্বাচিত ও ক্ষমতার অংশীদার হতে পারে, তা ইসলামের দৃষ্টিতেও অকল্যাণকর এবং অবৈধ। অতএব তা গ্রহণযোগ্য নয়। তাই আমরা বর্তমান রাজনীতি ও তার আওতায় অনুষ্ঠিতব্য নির্বাচনী কার্যক্রমে সম্পূর্ণ অনুপস্থিত।

৭. বর্তমান অবস্থায় এক একটি সাধারণ নির্বাচনের আয়োজন ও ব্যবস্থাপনায় সরকারকেই বহু কোটি টাকা ব্যয় করতে হয় এবং তা সবই গরীব জনগণের অর্থে গঠিত জাতীয় ভাণ্ডার থেকেই ব্যয় হয়ে যায়। আর সেই সাথে প্রত্যেক প্রার্থীর ব্যয় করা বিপুল পরিমাণ অর্থ একত্র করা হলে তার মোট পরিমাণ যে কত বিরাট হয়, তা সাধারণ মানুষের পক্ষে কল্পনা করাও সম্ভব নয়। কিন্তু প্রশ্ন হচ্ছে, এই বিরাট পরিমাণ জাতীয় সম্পদ ব্যয় করার পর জাতীয় জীবনের কি কল্যাণটি সাধিত হয়ং আজ পর্যন্তকার নির্বাচনের ফলে জাতীয় সমস্যাবলীর একটিরও কি সমাধান হয়েছেং নির্বাচনী অভিযানে ব্যয় করা এই টাকা কোন-না-কোনভাবে সমাজের টাউট-বাটপার ও অপেক্ষাকৃত সচ্ছল লোকদের হাতে এসে যায়। এই বিপুল পরিমাণের নগদ টাকা বাজারে এসে হঠাৎ করে প্রচণ্ড মুদ্রাক্ষীতির সৃষ্টি করে। নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য সহসাই বৃদ্ধি পেয়ে জনগণের ক্রয়ক্ষমতার অনেক উর্ধে চলে যায়। ফলে জনজীবনে নেমে আসে কঠিন দুর্তোগ।

যে নির্বাচনের ফলাফল এতখানি মারাত্মক ও সুদ্রপ্রসারী, সে নির্বাচনের সুযোগ পাওয়ার জন্য আজ যারা রাজনৈতিক তৎপরতা চালাচ্ছে, দেশজুড়ে আন্দোলন করছে, তাদের মন-মানসিকতার অবস্থা পূর্বোক্ত প্রতিক্রিয়ার আলোকে বিশ্লেষণ করছে চরম হতাশার সৃষ্টি হওয়াই স্বাভাবিক। স্পষ্ট মনে হয়, তারা জনগণকে শোষণ-লৃষ্ঠন ও বঞ্চিত করে কিংবা বিদেশী পেট্রো-ডলারের মালিকর্দের নিকট হাত পেতে এত বিপূল পরিমাণ অর্থ সংগ্রহ করেছে, যা বয়র করার কোন ক্রেই তারা পাচ্ছে না। দেশে লক্ষ লক্ষ লোক অনাহারে দিন কাটাচ্ছে, সামান্য বল্লের অভাবে আক্র ঢাকতে পারছে না। মানুষের বাসোপযোগী ঘর-বাড়ী নেই বলে গাছতলায়, নর্দমার পার্শ্বে, ঝুপড়িতে পরিবার-পরিজন নিয়ে পড়ে থাকছে পত্তর চাইতেও নিকৃষ্ট অবস্থায়। তাদের জন্য এক পয়সা বয়র করতে এ টাকাওয়ালারা প্রত্মৃত নয়। এই বঞ্চিতেরা যে মানুষ, তাদেরও যে জাতীয় অর্থ ও ধনিকদের সম্পদ্যে অংশ রয়েছে, সে কথা তারা বেমালুম ভুলে বসে আছে।

এই ধরনের লোকেরা সংসদ সদস্য নির্বাচিত হলে কিংবা মন্ত্রী-প্রধানমন্ত্রী বা প্রেসিডেন্ট হলে সাধারণ মানুষের কল্যাণ সাধিত হওয়ার কোন আশা করা যেতে পারে কিং কোন কল্যাণেরই আশা করা যেতে পারে না। তাই আমরা দেশের প্রচলিত রাজনীতিতেও নেই, নির্বাচনেও নেই। নেই এজন্য যে, এর ফলে জনগণের কিছুমাত্র কল্যাণ হয় না। জাতীয় সমস্যাবলীরও একবিন্দু সমাধান হয় না। দ্বীন-ইসলাম কায়েম হওয়ার তো প্রশুই উঠে না।

৮. দেশের বর্তমান রাজনীতির ময়দানে যে সব দল বা জোট অত্যন্ত সক্রিয়, যাদের রাজনৈতিক তৎপরতাকেই রাজনীতি বলা হয়, তারা নির্বিশেষে সকলেই 'সেকিউলার'। তারা রাষ্ট্রে ও জাতীয় জীবনে কোনরূপ আদর্শিক পরিবর্তন আনার পক্ষপাতি নয়। তাদের রাজনীতির সারকথা হচ্ছেঃ 'হে এরশাদ! তুমি কোখেকে উড়ে এসে জুড়ে বসেছ। তুমি সরে দাঁড়াও। এদেশের রাষ্ট্রীয় ক্ষমতা আমাদের পৈতৃক কিংবা স্বামীর উত্তরাধিকারসূত্রে পাওয়া জিনিস। তার ভোগ দখল আমরাই করব'। অন্য কথায়, নিছক ক্ষমতা দখলই তাদের রাজনৈতিক তৎপরতার একমাত্র লক্ষ্য। মূলতঃ বর্তমান সরকার ও বিরোধী দল— জোটগুলির মধ্যে আদৌ কোন দল্ব থেকে থাকলে তা তথু ক্ষমতার দল্ব— কোন আদর্শিক মতপার্থক্যই এখানে নেই। ক্ষমতাসীম ব্যক্তি যেমন 'সেকিউলার' বিরোধী দল— জোটগুলিও তেমনি সেকিউলার। ১২

এরশাদও বর্তমানে (১৯৮৫) রাজনৈতিকভাবে বিশেষ তৎপর। তাঁর তৎপরতার সারকথা হচ্ছেঃ ক্ষমতা আমার হাতে। আমিই দেশের সর্বেসর্বা।(ফেরাউন যেভাবে দাবী করেছিল "আমিই সর্বময় ক্ষমতার অধিকারী।") তাই যে গণতন্ত্র আমার ক্ষমতাকে বিপন্ন করতে পারে বলে আশংকা হবে, তা আদৌ গণতন্ত্র নয়। যে গণতান্ত্রিক নির্বাচন আমাকে দেশের 'নির্বাচিত প্রেসিডেন্ট' হবার সুযোগ দেবে, তা-ই প্রকৃষ্ট নির্বাচন এবং তখনই দেশে গণতন্ত্র হল বলতে হবে। তার মতুম বাংলা ছাত্র সমাজ, জনদল গঠন, কয়েক দল নিয়ে ফ্রন্ট গঠনের চেষ্টা, শেষ পর্যন্ত জাতীয় পার্টি গঠন ইত্যাদি ইত্যাদি একমাত্র সেই উদ্দেশ্যেই নিবেদিত। এ উদ্দেশ্য পূরণ হলে ক্ষমতা ছাড়বার কথা তো নয়ই বরং ক্ষমতায় অংশীদার বানাতে পারেন তাদেরকে, যারা তাঁকে নির্বাচিত প্রেসিডেন্ট বানাবার লক্ষ্যে গঠিত দলে শামিল হবে।

১২. কথাটি ১৯৮৫ সালের প্রেক্ষাপটে বলা হলেও দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতেও এটি সম্পূর্ণ প্রযোজ্য। – সম্পাদক

এক কথায়, বর্তমান রাজনীতি হচ্ছে ক্ষমতা নিয়ে 'কাড়াকাড়ি' তথা ক্ষমতা দখলের লড়াই। আমরা রাষ্ট্র-ক্ষমতা নিয়ে এই কাড়াকাড়িকে অত্যন্ত জঘন্য, দেশের স্বাধীনতা সার্বভৌমত্বের পক্ষে মারাত্মক এবং সম্পূর্ণ না-জায়েয কাজ মনে করি। ক্ষমতা নিয়ে এই কাড়াকাড়ি জাতিকে চরম দুর্দশার মধ্যে নিক্ষেপ করেছে। তাই প্রচলিত রাজনীতিতে আমাদের অনুপস্থিতি সর্বতোভাবে স্বাভাবিক ও যুক্তিসঙ্গত।

৯. দেশের প্রচলিত রাজনীতিতে আমরা এ সব কারণেই অনুপস্থিত। তাছাড়া ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে যারা ক্ষমতায় বসে, তাদের ক্ষমতা থেকে ছুঁড়ে ফেলে দিতে অস্ত্রধারী সামরিক বাহিনীর একটুও সময় লাগে না। কারণ যে ভোট পেয়ে ক্ষমতাসীনরা ক্ষমতায় এসেছে তা দেশের সমগ্র ভোটারের দশ ভাগের এক ভাগও নয়। তদুপরি এ ভোট জোর-জবরদন্তি করে অথবা লোভ-প্রলোভন দেখিয়ে অথবা জাল ভোটের মাধ্যমে আদায় করা হয়, যার সাথে ভোটারের হৃদয়ের কোন সম্পর্ক থাকে না। – থাকে না ঈমানের কোন সম্পর্ক। তাই দেশে কোন অভ্যুত্থান হলে জনগণ থাকে নির্লিপ্ত। বারবার এ অবস্থাই আমরা প্রত্যক্ষ করছি।

১০. যেসব রাজনৈতিক ব্যক্তি বা দল বর্তমান প্রচলিত রাজনীতিতে বিশেষভাবে তৎপর; তাদের মধ্যে দুটি দল সম্পর্কে জনমনে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। একটি দল দেশে কমিউনিজম প্রতিষ্ঠিত করতে চাচ্ছে, অপরটি নাম ও মুখে 'ইসলামী' পরিচয় ব্যবহার করছে। কমিউনিজম প্রতিষ্ঠাকামী ও ইসলাম প্রতিষ্ঠাকামী— এই দুটি দলই কমিউনিজম ও ইসলামের মধ্যে রাতদিন ও আলো-আধারের চিরন্তন পার্থক্য থাকা সত্ত্বেও গণতন্ত্রকে নিজেদের লক্ষ্য অর্জনের একমাত্র পথ বলে প্রচার করছে; অথচ কমিউনিজম সম্পর্কে কার না জানা আছে যে, তাতে গণতন্ত্রের কোন স্থান নেই, গণতান্ত্রিক উপায়ে তা প্রতিষ্ঠিত হয় বলেও তার চিন্তানায়করা কোন দিন বলেনি, বরং তার নীতিতে সম্প্র বিপ্রবই হচ্ছে কমিউনিজম প্রতিষ্ঠার একমাত্র পথ। কিন্তু এরা সে পথে না গিয়ে পুঁজিবাদীদের সাথে মিলে রাজনৈতিক জোট বানিয়েছে। ...... তা হলে বিপ্রবের কথা কি তারা ভূলে গেছেং ব্যাঘ্র কি ছাগল হয়ে ঘাস খেতে শুরু করল নাকিং ..... না এটা তাদের একটা কৌশল— একটা ছদ্মবেশং

'ইসলামী' বলে পরিচিত দলটি সম্পর্কেও এই প্রশ্ন। ১৯৪১ সনে আলীগড়ের স্ট্রেচী হলে প্রদত্ত 'ইসলামী বিপ্লবের পথ' শিরোনামের ভাষণ যে দলটির সৃষ্টি করল, সে দলটি কিভাবে কারোর ভাষায় সমালোচিত ও পরিত্যক্ত 'ধর্মহীন গণতন্ত্র' উদ্ধারের জন্য চেষ্টা চালাচ্ছে, তা জনগণের বোধগম্য নয়। পাশ্চাত্যের ধর্মহীন গণতন্ত্রের সাথে দ্বীন-ইসলামের কোন সম্পর্ক আছে নাকি? না এটাও তাদের সেকিউলার কৌশল?

এসব কারণে গণতন্ত্র উদ্ধারের প্রচলিত রাজনীতিটি ইসলামের পক্ষের লোকদের বুঝতে অসুবিধা হচ্ছে। আমাদের মতে, ইসলামের দৃষ্টিতে এ 'গণতন্ত্র' একটি কুফরী আদর্শ। এতে আল্লাহ্র সার্বভৌমত্ব নয়, মানুষের সার্বভৌমত্ব প্রতি স্বানদার, তাই তথাকথিত মানবীয় সার্বভৌমত্ব-ভিত্তিক গণতন্ত্র উদ্ধারের প্রচলিত রাজনীতিতে আমরা নেই। আমাদের এখানে না থাকাটা খুব স্পষ্টরূপে সমানের ব্যাপার। আর মনে রাখতে হবে, সেকিউলার কৌশলের সাহায্যে অন্যকোন তন্ত্র-মন্ত্র কায়েম হলেও ইসলামী রাষ্ট্র কায়েম হয় না। হলে আল্লাহ্র রাস্ল প্রাণান্তকর কন্ত স্বীকারের মাধ্যমে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করতেন না।

১১. বর্তমানে (১৯৮৫) যে সব রাজনৈতিক দল নির্বাচনে শরীক হওয়ার জন্য অন্থির ও উদর্থীব, তারা যেমদ বর্তমাদ সরকারের বিভিন্ন মন্ত্রী-পদে আসীন রয়েছে, তেমনি রয়েছে বিরোধী শিবিরেও। সরকার পক্ষের লোকদের, বিশেষ করে মন্ত্রীদের একটা লজ্জা ও সংকোচের ব্যাপার হচ্ছে, তারা ভোটের মাধ্যমে নির্বাচিত নন, অথচ মন্ত্রী হতে হলে আগে জনগণের সমর্থন ও বিজয়সূচক ভোটপ্রাপ্তি জরুরী। কিন্তু বর্তমানে তারা কেবলমাত্র এক ব্যক্তির অনুকম্পার পাত্র হিসাবে মন্ত্রী পদে অভিষক্ত। অনুকম্পাকারী ইচ্ছা হলে যে কোন মুহূর্তে তাদের তাড়িয়ে দিতে পারে। (সামরিক সরকারের বানানো প্রধানমন্ত্রী সাহেবের পদচ্যুতিতেও কি তাদের আরক্বেল হয়নি?) তাই তাদের জন্য 'গণতন্ত্র' অর্থাৎ সাধারণ নির্বাচন একান্ত দরকার। তাহলে তারা সহজেই নির্বাচিত হতে পারবে; কেননা তারা ক্ষমতাসীনের অত্যন্ত বশংবদ। ভোটারবৃন্দ ভোট না দিলেও তাদের বাক্স 'ব্যালট' ভর্তি হতে ও শেষে বিজয়ী বলে খোষিত হতে কোন অসুবিধা হবে না। অতএব 'গণতন্ত্র, অর্থাৎ কিনা নির্বাচন যত তাড়াতাড়ি হয়, তাদের মান রক্ষার জন্য ততই মঙ্গল।

islamiboi.wordpress.com

এ কারণে তাদের গণতন্ত্র চাওয়ার ব্যাপারটি জলবৎ তরলং। কিন্তু বিরোধী দল ও জোটসমূহ কি কারণে নির্বাচন অনুষ্ঠানের দাবী জানাচ্ছে, তা বোঝা গেল না। তারা কি জানে না যে তাদের কেবল মাত্র সেই প্রার্থীই নির্বাচিত হবে, যার প্রতি ক্ষমতাসীনের অনুকম্পা হবে; এ জন্য যে, ভবিষ্যত সংসদের বিরোধী বেঞ্চে তার মত একজন লোকের উপস্থিত থাকা দরকার। অবশ্য তার প্রতিদ্বদ্ধী ক্ষমতাসীনের জন্য অপরিহার্য ব্যক্তিত্ব হলে সেও (অর্থাৎ বিরোধী প্রার্থী) নির্বাচিত হতে পারবে না; তার প্রতিদ্বদ্ধী ভোট না পেলেও সে নির্বাচিত হবে। বিরোধী দলীয় প্রার্থী বাক্সভর্তি ভোট পেয়ে নির্বাচিত বলে ঘোষিত হলেও পরে বলা হবে, গুণতিতে ভুল হয়েছে। এই কথাকে অসত্য বলার মত বুকের পাটা কারো আছে কিঃ ৭৩ সনে, ৭৯ সনে এবং ৮১ সনে কি তা-ই হয়নিঃ গণভোট নামের প্রহসনে এবং উপজেলা চেয়ারম্যান নির্বাচনেও কি তা-ই ঘটেনিঃ আগামী প্রেসিডেন্ট ও সংসদ নির্বাচনেও— যদি আদৌ তা হয়— ঠিক তা বা তার চাইতেও ভয়াবহ ধরনের কারচুপি হবে না, তার নিশ্চয়তা কেউ দিতে পারেন কিঃ

>৩

## দ্বিতীয় সংস্করণে সংযোজন

না, সে নিশ্চয়তা কেউ দিতে পারে না। পারে না যে, তা' ৮৬ সনের ৭ই মে অনুষ্ঠিত তথাকথিত সংসদ নির্বাচন বাস্তবভাবেই প্রমাণ করেছে। (৮৫ সনের ২৬শে অক্টোবরের নির্বাচন সম্পর্কে যা যা বলেছিলাম '৮৬ সনের ৭ই মে'র নির্বাচনে সেই সব কথাকে পরম সত্যরূপে প্রমাণ করে দিয়েছে।) \$\frac{5}{8}\$ এ নির্বাচন ছিল নীল নকশার নির্বাচন। এ নির্বাচন হয়েছে বিদেশী শক্তির প্লান-প্রোগ্রাম অনুযায়ী এবং সে প্লান-প্রোগ্রাম হচ্ছে বাংলাদেশে রুশ-ভারত অক্ষশক্তির অধীম একটি তাবেদার রাস্ত্রে প্রতিষ্ঠিত করা। এই উদ্দেশ্যে অনুষ্ঠিত নির্বাচন ভোটদাতাদের ভোটের মাধ্যমে হয় নি, হয়েছে প্রার্থী-পক্ষের কর্তৃপক্ষীয় বিজিয় বাহিনীর উপস্থিতির জোরে, তাদের সাহস ও সমর্থন পেয়ে কর্মীদের মাধ্যমে ভোট বাক্সে ইচ্ছামত সীল দিয়ে ব্যালটপত্র ঢুকিয়ে। এটা ভোট যুদ্ধ ছিল না, ছিল ব্যালট যুদ্ধ। যা গণনা করা হয়েছে, তার শতকরা দশটাও ভোট ছিল না, ছিল

সত্যকে প্রমাণ করেছে আরো নগুভাবে। – সম্পাদক

১৩. এমন কি ১৯৯১ ও ১৯৯৬ সালে নিরপেক্ষ ও নির্দলীয় সরকারের ব্যবস্থাধীনে অনুষ্ঠিত নির্বাচনেও 'সৃক্ষ কারচুপি' হয়েছে বলে বিরোধী দল অভিযোগ করেছে। – সম্পাদক ১৪.১৯৮৬ সনের ১৫ই অক্টোবরে প্রেসিডেন্ট নির্বাচন এবং ১৯৮৭ সনের ৩রা মার্চের নির্বা**চন এ** 

ঢোকানো ব্যালটপত্র। তা শত শত নয়, হাজার হাজার। এক-একজন প্রার্থী লক্ষাধিক (ভোটে নয়) ব্যালট পত্রে জয়ী হয়েছেন। এবং তাদের নিকটবর্তী প্রতিদ্বন্দীর ব্যালটপত্র ছিল লক্ষাধিকের মুকাবিলায় ৫০-৬০ হাজার। অথচ এলাকার মোট ভোটের সংখ্যা (মুদ্রিত তালিকা অনুযায়ী) লাখ-সোয়ালাখের বেশী হবে না। তাহলে কি ধরে নিতে হবে, তালিকা অনুযায়ী সমস্ত ভোটার পুলিং 'বুথে এসে ভোট দিয়ে গেছেনঃ না, যে কোন এলাকার যে-কোন নাগরিক ভোটারকে জিজ্ঞেস করুন, কত পার্সেন্ট ভোটার ভোট দিতে গেছেন? জবাব শুনবেন, শতকরা ৭-৮ জনের বেশী নয়। তাহলে এই ব্যালটপত্রগুলি এল কোখেকে? নিশ্চয়ই প্রার্থী পক্ষের শোকেরা তা ঢুকিয়েছে। অনেক ভোট কেন্দ্রেই এমন হয়েছে যে, প্রকৃত ভোটার ভোট কেন্দ্রে উপস্থিত হলে তাদেরকে বলা হয়েছেঃ 'বাড়ী যান, আপনার ভোট দেয়া লাগবে না, আগে দেয়া হয়ে গেছে।' এই ব্যালট যুদ্ধে শরীক প্রধান বিরোধী দল আওয়ামী লীগ বলেছে, জাতীয় পার্টি কারচুপি করেছে। জাতীয় পার্টির পক্ষ থেকে বলা হয়েছে, কারচুপিতে আওয়ামী লীগ সিদ্ধহস্ত, ওরাই বেশী কারচুপি করেছে। জামায়াত বলেছে, আওয়ামী লীগ ও জাতীয় পার্টি উভয়ই ব্যাপক কারচুপি করেছে। আবার কেউ কেউ বলেছেনঃ জামায়াতও যে ভোট কারচুপি করতে পারে, তা এই প্রথম দেখলাম।

এর অর্থ নির্বাচনে ব্যাপক কারচুপি হয়েছে এবং তাতে কম-বেশী সবাই চরম প্রতিযোগিতায় নেমেছিল। তাছাড়া অদ্রের ঝনঝনানি, বড় বড় রামদাও, বল্লম, ছোরা, পিস্তলেল ব্যাপক প্রদর্শনী এবং কোথাও কোথাও তার ব্যাপক ব্যবহারও হয়েছে।

এই যা কিছু হয়েছে, তা সবই ছিল অবধারিত। বৃটিশ প্রবর্তিত গণতান্ত্রিক নির্বাচনে এ না হয়ে পারে না। এ জন্য কাউকে বিশেষভাবে দোষী করে লাভ নেই। গণতন্ত্রের এই নিয়মে যতবারই নির্বাচন হবে, তাতে এটা ঘটবেই; এ থেকে নিষ্কৃতি পাওয়া সম্ভব নয়। আর তা ঘটবে সরকারের ইচ্ছানুযায়ী, তা যে সরকারই ক্ষমতায় থাকুক না কেন। ১৫

১৫. ১৯৯১ ও ১৯৯৬ সালে নির্দ্**লীয় তত্ত্বাবধায়ক** সরকারের অধীনে অনুষ্ঠিত নির্বাচনেও এর পুনরাবৃত্তি ঘটেছে। – সম্পাদক

এ প্রেক্ষিতে বলা যায়, নির্বাচনে শরীক যে দল যতটা আসনই পেয়েছে, তা পেয়েছে এ জন্য যে, কর্তৃপক্ষ তাকে সেই ক'টি আসনই দিতে চেয়েছে। তার অধিক আসন দেয়ার সিদ্ধান্ত ছিল না বলেই তা দেয়া হয়নি।

কাজেই বৃটিশ প্রবর্তিত তথাকথিত গণতন্ত্র এবং সেই গণতন্ত্রের নির্বাচন দারা জনগণের প্রকৃত প্রতিনিধি নির্বাচন কখনই সম্ভব হবে না। একথা আজ নিঃসন্দেহ, বাস্তব ঘটনাবলীর ভিত্তিতে প্রমাণিত হয়ে গেল। আমাদের মতে তাই এ গণতন্ত্রকে উৎখাত করতে হবে। এ গণতন্ত্রকে সম্পূর্ণ পরিহার করে গণ-চেতনা ও গণঐক্যের পথে অগ্রসর হওয়ার জন্য সর্বশক্তি দিয়ে চেষ্টা করতে হবে। ঘটাতে হবে পূর্ণাঙ্গ ইসলামী বিপ্লব।

আমাদের বাস্তব অভিজ্ঞতা বলে যে, এর সাফল্য অবশ্যম্ভাবী। কেননা গণতন্ত্রের পথে কেউ সংসদ সদস্য নির্বাচিত হলেও তার পক্ষে কোন কিছু করা আদপেই সম্ভব হবে না— না আদর্শিক দিকে কিছু, না জনকল্যাণমূলক কিছু; বরং সত্যি কথা হচ্ছে বর্তমান প্রশাসনিক অবস্থায় নির্বাচন অনুষ্ঠিত হলে দেশের অবস্থায় কার্যতঃ কোন পরিবর্তনই আসবে না। যার হাতে ক্ষমতা রয়েছে, তার হাতেই তা থেকে যাবে। অবশ্য তাতে তার নির্বাচিত প্রেসিডেন্ট (?) হওয়ার খাহেশটা পূরণ হবে। বে-আইনী, অবৈধ শাসনকে জনসমর্থনের দোহাই দিয়ে বৈধ ও আইনসম্মত সরকার বলে দুনিয়ায় প্রচার চালানো যাবে। যাবে নয়, তা-ই হয়েছে। বলা হবে, দেশবাসী তাকেই সমর্থন করে, তার বিরোধীদের কোন জনসমর্থন নেই। অথচ এর মত ধাপ্পাবাজি আর কিছু হতে পারে না। আমরা মিথ্যাকে সত্য করার, অবৈধকৈ অন্যায়ভাবে বৈধ করার, সর্বোপরি এই ধাপ্পাবাজির ইন্ধন যোগানোর কাজে কোন সহায়তাই করতে প্রস্তুত নই। তাই নিরপেক্ষ বা 'কেয়ারটেকার সরকারের অধীন নির্বাচন চাই' বলে চিৎকার করতেও আমরা রায়ী নই। কেউ কেউ হয়ত মনে করেন যে, ইসলামী আন্দোলনের অংশ হিসাবে নির্বাচনে অংশ নিলে জনগণের নিকট কথা পৌছাবার একটা বড় সুযোগ পাওয়া যায়। আমি বলব প্রচলিত নির্বাচন কেবলমাত্র গণতন্ত্রবাদী রাজনৈতিক আন্দোলনের অংশ হতে পারে, ইসলামী বিপ্লবী আন্দোলনের নয়। কেননা নির্বাচনকালে যে সব কথা বলতে হবে, তার সাথে ইসলামী বিপ্লববাদীর কথার এক বিন্দু মিলই হতে পারে না। নির্বাচনে ভোট পাওয়ার লক্ষ্যে বলা কথা বিপ্লবী কথা নয়, গণতান্ত্রিক কথা। আর নির্বাচনের ফলে অনিবার্যভাবে যখন পরাজয় বরণ করা হবে, তখন দেশবাসী

ও বিজয়ীরা বলবে এদেশের লোকেরা ইসলাম চায় না। চাইলে ইসলামের পক্ষেই তারা ভোট দিত। (হাফেজ্জী **হুজুরের নির্বাচনে** লজ্জাকর ব্যর্থতা বাস্তবে তা-ই প্রমাণ করেছে)। ১৬

১২. সর্বোপরি এ পথে আর যা-ই হোক, দ্বীন-ইসলাম কায়েম হওয়া সম্ভব নয়। দ্বীন-ইসলাম যেহেতু পূর্ণাঙ্গ, তা কায়েম করার পন্থা ও পদ্ধতিও তার (ইসলামের) নিজস্ব। ধার-করা কোন পদ্বায় নিশেষ করে কুফরী নীতি ও অ-নৈতিক পন্থায়-ইসলাম কায়েম হতে পারে না। বর্তমানে প্রচলিত নির্বাচন পদ্ধতি যে ধর্মনিরপেক্ষ, অর্থাৎ ধর্মহীন ইউরোপ থেকে গৃহীত পন্থা, তা আগেই বলেছি। তাই যে পথে ইসলাম কায়েম হবে না, সে পথে একটি মুহূর্ত,একটি পয়সা এবং একবিন্দু শক্তি-ক্ষমতা বায়ে করা আমাদের ঈমানের পরিপন্থী।

## জিহাদই কাম্য

তাই আমরা প্রচলিত রাজনীতিতে সম্পূর্ণরূপে অনুপস্থিত। আগেই বলেছি, আমাদের এই অনুপস্থিতি আমাদের ধীন ও ঈমানের সাথে পুরাপুরি সঙ্গতিপূর্ণ। তাতে উপস্থিত থাকাই বরং ঈমানের সাথে অসঙ্গতিপূর্ণ কাজ।

আমরা প্রচলিত রাজনীতির ময়দানে অনুপস্থিত। তাহলে আমরা কোথায়, কোন ক্ষেত্রে উপস্থিত। আমরা কি ছীনের ও দেশের বিষয় চিন্তা-ভাবনা ত্যাগ করে ঘরে গিয়ে আশ্রয় নিয়েছি।

না, আমরা নিষ্ক্রিয় নই। আমরা খরের কোণায়ও আশ্রয় নিইনি। আমরা যা করছি তা প্রচলিত রাজনীতি নয়, এক কথায় তা হচ্ছে জিহাদ– আল্লাহ্র পথে।

'জিহাদ' শব্দের শাব্দিক অর্থঃ নির্দিষ্ট উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে সর্বাত্মক চেষ্টা চালানো। আর কুরআনী পরিভাষায় তার অর্থঃ আল্লাহ্র আনুগত্য ও তাঁর দ্বীন প্রতিষ্ঠার লক্ষ্যে সর্বশক্তি নিয়োগ করে চেষ্টা চালানো। এখানে কেবল জিহাদই নয়, জিহাদ ফী সাবীলিল্লাহ— আল্লাহ্র পথে জিহাদ। অর্থাৎ এই চেষ্টা-প্রচেষ্টা হতে হবে আল্লাহর সম্ভুষ্টি অর্জনের উদ্দেশ্যে। ইহকালে ও পরকালে এবং তা চলতে হবে আল্লাহ-নির্দেশিত পথে, আল্লাহ-প্রদন্ত নিয়ম-বিধান অনুযায়ী।

১৬. আর ১৯৯১ ও ১৯৯৬-এর নির্বাচনে ইসলামী দল ও জোটসমূহ এবং পীর মাশায়েখরা চরমভাবে পরাজিত হওয়ায় এ সত্য তো আরো নগুভাবে প্রমাণিত হয়েছে।— সম্পাদক

প্রচলিত রাজনীতি আমরা করছি না। কেননা তা করার জন্য আল্লাহ্ আমাদের আদেশ করেন নি। পক্ষান্তরে আমরা 'জিহাদ' করছি এ জন্য যে, মহান আল্লাহ্ তা করার জন্য আমাদেরকে আদেশ করেছেন। বলেছেনঃ

جَهِدُوا بِآمُوالِكُمْ وَ آنْفُسِكُمْ فِى سَبِيلِ اللهِ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ-(التوبة-٩١)

তোমরা জিহাদ কর তোমাদের ধন-মাল ও জান-প্রাণ বিনিয়োগ করে আল্লাহর পথে। তোমরা যদি জানো– বুঝ, তাহলে এই কাজই তোমাদের জন্য সর্বোত্তম, সর্বাধিক কল্যাণময়।

বস্তুতঃ 'জিহাদ' অর্থ মারামারি, কাটাকাটি নয়। 'জিহাদ' অর্থ সর্বাত্মক চেষ্টা, কষ্ট স্বীকার, লক্ষ্য অর্জনের সাধনা-সংগ্রামে সকল শক্তি নিয়োগ করা। জিহাদের লক্ষ্য আল্লাহ-বিরোধী সকল শক্তি দমন করা, পরাভূত করা এবং সকল প্রকার খোদাদ্রোহী প্রতিষ্ঠানকে উৎখাত করে সর্বক্ষেত্রে এক মহান আল্লাহ্র সার্বভৌমত্ব ও আইন-বিধান পূর্ণাঙ্গভাবে বাস্তবায়িত করা; আল্লাহ্র দ্বীন কার্যতঃ প্রতিষ্ঠিত ও কার্যকর করা।

এজন্য ব্যক্তিগণের প্রথম কাজ হচ্ছে নিজেদের নফ্স তথা মন-মানসিকতাকে আল্লাহ্র অধীন ও অনুগত বানানো। দ্বিতীয় কাজ হচ্ছে, স্বীয় পরিবার-পরিজনকে আল্লাহ্র অনুগত বানানো এবং শেষ পর্যায়ের কাজ হচ্ছে সমাজ ও রাষ্ট্রকে আল্লাহ্র অধীন ও অনুগত বানানো।

এ কাজে প্রথম বাধা আসে নিজের নফ্সের দিক থেকে। কেননা নফ্স মানুষকে খোদাদ্রোহিতায় উদুদ্ধ করে এবং নাফরমানীর কাজ করতে প্ররোচিত করে। তাই প্রথমে নফসই যদি আল্লাহ্র অধীন ও অনুগত হয়, তা'হলে সেই নফ্সই মানুষকে পরবর্তী ক্ষেত্রসমূহে আল্লাহ্-বিরোধী শক্তিসমূহের বিরুদ্ধে লড়াই করার শক্তি যোগাবে।

জিহাদের এই মৌল দর্শন আমরা রাস্লে করীম (স)-এর কর্মনীতিতে পুরোপুরি প্রতিফলিত দেখতে পাই। তিনি মক্কী জীবনের তেরটি বছর নিজে ও ইসলাম গ্রহণকারীদের নিয়ে প্রাথমিক পর্যায়ের কাজ সম্পন্ন করে সকলকে নিয়ে মদীনায় হিজরত করেন এবং এখানে তিনি এক পূর্ণাঙ্গ ইসলামী সমাজ ও রাষ্ট্রের ভিত্তি স্থাপন করেন।

বস্তুতঃ রাসূলে করীম (স) প্রতিষ্ঠিত এই সমাজ ও রাষ্ট্র ছিল আল্লাহ্র সার্বভৌমত্ব-ভিত্তিক এবং তাঁর বিধান কুরআন মজীদের পুরাপুরি অনুসারী। এই সমাজের নাগরিকগণ ছিলেন কুরআনের মানদতে তৈরী প্রকৃত মুজাহিদ। তাঁদের পরিচিতি স্বয়ং আল্লাহ্ তা'আলাই দিয়েছেন এই ভাষায়ঃ

مُحَمَّدُ رَّسُولُ اللهِ وَالَّذِيْنَ مَعَهُ آشِدًا : عَلَى الْكُفَّارِ رُحَمَا ، بَيْنَهُمْ تَرَهُمْ رُكَعًا سُجَّدً اللهِ وَالَّذِيْنَ مَعَهُ آشِدًا : عَلَى الْكُفَّارِ رُحَمَا ، بَيْنَهُمْ تَرَهُمْ رُكَعًا سُجَّدُ وَاللهِ وَرَضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِّنْ آثَرِ السَّجُودِ - اللهَ عَلَى اللهُ وَرِضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِّنْ آثَرِ السَّجُودِ - اللهَ عَلَى اللهُ وَرَضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِنْ آثَرِ السَّجُودِ - اللهَ عَلَى اللهُ وَرَضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِنْ آثَرِ السَّجُودِ - اللهُ عَلَى اللهُ وَرَضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِنْ آثَرِ السَّجُودِ اللهِ اللهِ وَرَضُوانًا سِيسَعَاهُمْ فِي وَجُوهِهِمْ مِنْ آثَرِ السَّجُودِ اللهُ وَرَاللهُ اللهِ وَرَاللهُ وَاللهُ وَاللهُ وَاللهُ وَاللَّهُ وَال

মুহামাদ আল্লাহ্র রাসূল। আর যারা তার সঙ্গী-সাথী, তারা কাফির ও কুফরীর বিরুদ্ধে অত্যন্ত অনমনীয়, কঠোর এবং পরস্পরের প্রতি অতিশয় সহ্রদয়তাসম্পন্ন। তুমি (যথনই) তাদের প্রতি তাকাবে, দেখবে তারা অবনত, আত্মসমর্পিত। তারা আল্লাহ্র অনুগ্রহ ও সন্তুষ্টি কামনায় রত আর আত্মসমর্পণের চিহুই তাদের মুখমগুলে দীও প্রতীক।

(সূরা আল-ফাতহঃ ২৯ আয়াত)

তাঁরা নিজেদেরকে সম্পূর্ণরূপে আহ্বাহ্র অনুগত বানিয়ে নিয়েছিলেন নফ্সের বিরুদ্ধে জিহাদ করে। ফলে তাঁদের পক্ষেই সম্ব হয়েছিল বাইরের আল্লাহ্দ্রোহী শক্তিসমূহের বিরুদ্ধে সশস্ত লড়াই করা এবং সকল প্রকার মানবীয় সার্বভৌমত্ব-ভিত্তিক রাষ্ট্র ও প্রতিষ্ঠানাদির মূলোৎপাটন করা। তাঁরাই পূর্ণমাত্রায় বাস্তবায়িত করেছিলেন আল্লাহর এই নির্দেশঃ

قَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِعَنَةً وَيَكُونَ الدِّيْنَ كُلُهُ لِلَّهِ-

তোমরা (সশস্ত্র) যুদ্ধ কর ইসলামের দুশমনদের বিরুদ্ধে, যেন অনৈসলামী অবস্থা ও বিশৃঞ্চলা সম্পূর্ণরূপে নিঃশেষ হয়ে যায় এবং সার্বভৌমত্ব (ও তার মুকাবিলায় আনুগত্য) সম্পূর্ণরূপে ও একাজভাবে আল্লাহ্রই প্রতিষ্ঠিত হয়'।

রাস্লে করীম (স)-এর জীবনে আমরা দেখতে পাই, তিনি মকা থেকে মুসলমানদের নিয়ে মদীনায় একত্রিত হলেন। মদীনায় প্রাচীন বাসিন্দাদের মধ্যেও ইসলাম গ্রহণকারী লোক ছিলেন। উভয় শ্রেণীর লোকদের সমন্বয়ে এক ঐক্যবদ্ধ,

আদর্শপরায়ণ লোকসমষ্টির সমাবেশ ঘটলো। ফলে মদীনা জনপদের প্রাচীন অধিবাসীরা আবদুল্লাহ্ ইবনে উবাইকে নেতা ও বাদশাহ বানানোর যে সিদ্ধান্ত গ্রহণ করেছিল, তা সম্পূর্ণরূপে বান্চাল হয়ে গেল এবং সেখানে নবী করীম (স)-এর নেতৃত্ব এমনভাবে কায়েম হল যে, মদীনা সনদের ভিত্তিতে ইয়াহুদী সমাজও তা মেনে নিতে বাধ্য হয়েছিল।

আধুনিক ভাষায় বলতে গেলে আমি বলতে চাই, একটি আদর্শবাদী ঐক্যবদ্ধ
সমাজ-সমষ্টি— তার ব্যক্তিদের সংখ্যা যা-ই হোক— সাধারণ গণ-মানুষকে
আদর্শ-সচেতন বানিয়ে আদর্শের ভিত্তিতেই ঐক্যবদ্ধ করতে পারে— পারে এই
আদর্শ-সচেতন ব্যক্তি-সমষ্ট একটি অপ্রতিরোধ্য শক্তিতে পরিণত হয়ে
গণ-অভ্যুত্থান সৃষ্টি করতে— পারে বাতিল, গায়ের ইসলামকে খতম করে
ইসলামী আদর্শকে বিজয়ী ও প্রতিষ্ঠিত করতে। আমরা আধুনিক ভাষায় একেই
বলি ইসলামী বিপ্লব।

এ পথ যে কিছুমাত্র কুসুমান্তীর্ণ নয়, এ পথে যে কঠিন দূরতিক্রম্য ঘাঁটি ও বাঁকসমূহ রয়েছে, তাতে কোন সন্দেহ নেই। প্রতিষ্ঠিত শক্তি যে এ কাজে প্রচণ্ড বাঁধা হয়ে দাঁড়াবে, এ প্রচেষ্টাকে অংকুরেই বিনষ্ট করে দেবে– দিতে চাইবে, তাও অকল্পনীয় নয়। কিন্তু সবকিছুকে ছাপিয়ে আমাদেরকে উদুদ্ধ করে মহান আল্লাহ্র বাণীঃ

وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا- وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُخْسِنِيْنَ-(العنكبوت- ٣٩)

আর যারাই আমার দিকে, আমার সন্তুষ্টি অর্জনের জন্য জিহাদ করবে আমরা তাদেরকে আমাদের পথসমূহ অবশ্যই দেখাব– পরিচালিত করব। আর আল্লাহ্ নিশ্চিতভাবেই রয়েছেন মুহসিন– ঐকান্তিক অনুগত ও নিষ্ঠাবান লোকদের সঙ্গে।

বস্তুতঃ এ হচ্ছে আল্লাহর পক্ষ থেকে নিশ্চয়তা-নিরাপত্তার ঘোষণা এবং এ ঘোষণা কেবলমাত্র আল্লাহর পথে জিহাদের ক্ষেত্রেই প্রযোজ্য। জিহাদে অবতীর্ণ হলেই-না তা পাওয়ার প্রশ্ন; গণতন্ত্র উদ্ধারের প্রচলিত রাজনীতি করলে সেক্ষেত্রে এর কোন প্রশ্নই উঠতে পারে না।

islamiboi.wordpress.com

আর এই জিহাদে অবতীর্ণ হলেই শহীদ হওয়া কিংবা গাজী হওয়া সম্ভব শোহাদাত' কেবলমাত্র আল্লাহর পথে জিহাদেই লাভ করা সম্ভব। আমরা গাজী হতে না পারি, নিয়্যত খালেস হলে শাহাদাত তো পেতে পারি। সে পাওয়া এ দুনিয়ার রাজত্ব পাওয়ার তুলনায় অনেক বড় পাওয়া। দুনিয়ার রাজত্ব পাওয়ার সাথে তার কোন তুলনাই হতে পারে না। এক্ষেত্রে কারোর প্রার্থী হওয়ার, ভোট ভিক্ষা করার, ক্যানভাস করার বা টাকা দিয়ে ভোট কেনার কোন প্রশ্ন নেই, অবকাশও নেই। জনগণ স্বতস্কৃতভাবে বাছাই করে নেবে তাদের নেতা। ইসলামী জিহাদের ফলে প্রতিষ্ঠিত খিলাফত ব্যবস্থায় নির্বিশেষে সমস্ত মানুষের যাবতীয় সমস্যার সমাধান হওয়া সম্ভব হবে।

তাই আমাদের নিকট প্রচ**লিত রাজনীতি** নয়- জিহাদেই কাম্য। এই জিহাদে শরীক হওয়ার জন্য আমরা **আকুল আহ্বান জানাচ্ছি** এ দেশের কোটি কোটি মাানুষকে।

### সংঘবদ্ধ জনতার শক্তি

এই লক্ষ্যে আমরা জনগণকে উদুদ্ধ করতে চেষ্টা করছি। ইসলামের বিপ্লবী দাওয়াত তাদের সামনে পেশ করছি। যে কালেমা পড়ে আমরা মুসলমান হই, ইসলামের সেই মূলমন্ত্র কালেমা তাইয়্যেবার বিপ্লবী অর্থ জনগণকে জানাতে চেষ্টা করছি; তা আয়ত্ত করতে মনমগজে দৃঢ়ভাবে বসাতে ও সে অনুযায়ী জীবন যাপন করতে বলছি। কুরআনের দারস পেশ করে ইসলামের মূল আদর্শ ও শিক্ষাকে সাধারণ্যে ব্যাপক প্রচার করতে চেষ্টা করছি এবং এই লক্ষ্যে কাজ করতে প্রস্তুত লোকদেরকে স্থানীয়ভাবে সদস্য হিসাবে সংঘবদ্ধ হয়ে উঠতে বলছি। এভাবে সারা দেশের সংঘবদ্ধ জনতাই পরিশেষে একটি শক্তিতে পরিণত হবে এবং এই শক্তিই ইসলামী বিপ্লবের ঘার উন্ধৃক্ত করবে।

